

29 JAN 2007

স্বা ৫ সান ৪

প্রথম দালা

বিলাস

## ইসলামী বিশ্ববিদ্যালয় নির্দেশনা ছাড়াই ভর্তি পরীক্ষা!

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে চলতি বছরে ভর্তির ক্ষেত্রে কয়েকটি ইউনিটের পরীক্ষা পদ্ধতিতে পরিবর্তন আনা হচ্ছে। সাতটি ইউনিটের মধ্যে তিনটিতে ভর্তি পরীক্ষার নির্দেশনা থাকলেও বাকিগুলোতে তা দেওয়া হয়নি।

বিভিন্ন ইউনিট কার্যালয় সূত্রে জানা গেছে, মূল কমিটি ভর্তি পরীক্ষার পদ্ধতি নির্ধারণের এখতিয়ার নিজ নিজ ইউনিটের ওপর ছেড়ে দিয়েছে। সে অনুযায়ী ৬ ও ৭ ইউনিটের ভর্তি পরীক্ষা আগের নিয়মেই নৈর্ঘাতিক পদ্ধতিতে (এমসিকিউ) অনুষ্ঠিত হবে। এসব ইউনিটে মোট ৮০ নম্বরের ৮০টি প্রশ্ন থাকবে। সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দিতে হবে। তবে ক ইউনিটের উত্তর বৃত্ত ডায়ালের মাধ্যমে দিতে হবে। এ ইউনিটের উত্তরপত্র কম্পিউটারে (ওএমআর) মূল্যায়ন করা হবে।

তবে ৪, ৫ ও ৬ ইউনিটের পরীক্ষা পদ্ধতি কী হবে সে সম্পর্কে কর্তৃপক্ষ নির্দিষ্ট কিছু বলতে পারেনি। এ সম্পর্কে ছাত্র নির্দেশিকায়ও কিছু বলা হয়নি।

৬ ইউনিটের সমন্বয়কারী ড. মোহাম্মদ মনিরুজ্জামান বলেন, 'আমরা নির্ধৃত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছি। হলে গিয়েই শিক্ষার্থীরা এটা জানতে পারবেন।' ছাত্ররা প্রস্তুতি ছুড়া কীভাবে পরীক্ষা দেবেন জানতে চাইলে তিনি বলেন, 'মেধাধী শিক্ষার্থীদের এতে কোনো সমস্যা হবে না।'

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ভর্তি পরীক্ষার ফল হবে ১০০। এর মধ্যে ৮০ নম্বরের পরীক্ষা গ্রহণ করা হবে। বাকি ২০ নম্বরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে লিখিত পরীক্ষার নম্বরের সঙ্গে যোগ হবে।

৮ ইউনিটের সমন্বয়কারী অধ্যাপক ড. আব্দুল হামিদ শেখ জানান, 'এ ইউনিটের

শিক্ষকদের পরামর্শক্রমে ভর্তি পরীক্ষা লিখিত পদ্ধতিতে নেওয়ার সিদ্ধান্ত হয়েছে।'

৫ ইউনিটের সমন্বয়কারী ড. ফারুকুজ্জামান খান বলেন, 'ইউনিট সমন্বয়কারীদের সভায় পরীক্ষা পদ্ধতি প্রকাশ না করার সিদ্ধান্ত হওয়ার ভর্তি নির্দেশিকায় তা উল্লেখ করা হয়নি। এতে শিক্ষার্থীদের অধিক মেধা যাচাই হবে।'